

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স -২২১(আগরতলা, ১৬।০৪)
জম্পুইজলা, ১৬ এপ্রিল ২০১৮

জম্পুইজলায় সামাজিক ন্যায় দিবস উদযাপিত

জম্পুইজলা মহকুমা প্রশাসনের উদ্যোগে গত ১৪ এপ্রিল জম্পুইজলা বাঁখারাই কমিউনিটি হলে ড. বি আর আশ্বেদকর জনজয়ন্তীর অঙ্গ হিসাবে সামাজিক ন্যায় দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধায়ক বীরেন্দ্র কিশোর দেববর্মা। অন্যান্যদের মধ্যে জম্পুইজলা মহকুমার মহকুমা শাসক এল. ডার্লং, বি ডি ও ডেভিড হলাম, জম্পুইজলার বিদ্যালয় পরিদর্শক শম্ভুচরণ দেববর্মা সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। প্রধান অতিথি বিধায়ক বীরেন্দ্র কিশোর দেববর্মা ভারতরত্ন ড. বি আর আশ্বেদকরের আদর্শ ও সামাজিক ন্যায় এর উপর গুরুত্ব আরোপ করে বক্তব্য রাখেন। স্বাগত ভাষণ দেন মহকুমা শাসক এল. ডার্লং। উদ্বোধনী সঙ্গীত পরিবেশন করেন জম্পুইজলা গার্লস হাই স্কুলের ছাত্রীরা।
